This page was exported from - HajjSangbad.Com
Export date: Tue Oct 23 13:27:15 2018 / +0000 GMT

????? ??? ???? ?? ???? ??????? ????

সৌদির কাছ থেকে হজ কোটা বৃদ্ধির দাবি

২০১৬ জুন ১৯ ২১:৩৩:৪৫

দ্য রিপোর্ট প্রতিবেদক : সৌদি সরকারের কাছ থেকে হজ কোটা বৃদ্ধি করে পবিত্র হজে গমনের জন্য যারা প্রাক-নিবন্ধন করেছেন, তাদের সবাইকে হজে যাওয়ার ব্যবস্থা করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-এর সদস্যরা।রাজধানীর একটি হোটেলে রবিবার হাব সদস্যদের নিয়ে এক মতবিনিময় সভা ও ইফতার মাহফিলে এ দাবি জানানো হয়।হাবের সদস্য ও প্যান ব্রাইট ট্রাভেলস প্রা. লি. এর ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. রুহুল আমীন মিন্টু সভাপতির বক্তব্যে সৌদি সরকারের কাছ থেকে হজ কোটা বৃদ্ধি করে প্রাক-নিবন্ধিত সকল হজযাত্রীকে পবিত্র হজ পালনে সৌদি আরবে পাঠানোর ব্যবস্থা করতে প্রধানমন্ত্রী এবং ধর্মমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।সৌদির কাছ থেকে অতিরিক্ত হজযাত্রীদের কোটা পেলে তা এজেন্সির অনুকূলে বন্টনের দাবি জানিয়ে রুহুল আমিন মিন্টু বলেন, 'হজ যাত্রী পরিবহনে থার্ড ক্যারিয়ার উন্মুক্তকরণ এবং হজযাত্রীদের ট্রলি ব্যাগ স্ব-স্ব এজেন্সিকে ক্রয়ের সুযোগ প্রদান করতে হবে। একইসঙ্গে বিমানের টিকেট সিন্ডিকেট বন্ধে স্ব-স্ব এজেন্সিকে এয়ারলাইন্স থেকে সরাসরি হজ টিকেট ক্রয়েরও সুযোগ দিতে হবে।'হাবের সাবেক সিনিয়র সহ-সভাপতি আব্দুল কবির খান আমাল আইটি-ডাটা ব্যবস্থাপনা থেকে বেরিয়ে আসতে হবে উল্লেখ করে বলেন, 'এপ্রিলে যিনি নিবন্ধন করলেন তিনি হজে যেতে পারছেন আর এর আগে গত নভেম্বরে যিনি নাম নিবন্ধন করলেন তিনি যেতে পারছেন না, এটা হতে পারে না।'বাংলাদেশ থেকে আরও অতিরিক্ত হজযাত্রী পাঠানো সম্ভব উল্লেখ করে হাবের সাবেক এ সিনিয়র সহ-সভাপতি বলেন, 'এবার ইরান থেকে ৩ লাখ মুসল্লিসহ কয়েকটি দেশে থেকে হজে যাচ্ছেন না। এবার ভারত ও পাকিস্তানকে আরও অতিরিক্ত ২০ হাজার কোটা দিয়েছে সৌদি সরকার। বাংলাদেশের সঙ্গে সৌদির ভাল সম্পর্ক। সুতরাং আমরা সেভাবে দাবি করলে আমাদেরও অতিরিক্ত কোটা দেবে তারা-এটা আমাদের বিশ্বাস। এ সময় তিনি গত বছরে অতিরিক্ত হজযাত্রীদের সৌদি আরবে নিয়ে বাড়ি ভাড়ায় অনিয়মের প্রসঙ্গটিও তোলেন।'হাবের সাবেক ইসি সদস্য রেজাউল করিম বলেন, 'যেদিন থেকে আইটি বা ডাটা এন্ট্রি সিস্টেম শুরু হয়েছে সেদিন থেকেই অব্যবস্থাপনা শুরু হয়েছে।'তিনি বলেন, 'যারা হজে যাওয়ার জন্য টাকা জমা দিয়েছেন তাদের সবাইকে হজে নিয়ে যেতে হবে। কিভাবে নেবেন তা জানি না।'আটাবের যুগ্ম মহাসচিব আব্দুল মতিন ভুইয়া বলেন, 'সরকার মাত্র ৫ হাজার হজযাত্রী সংগ্রহ করে। বাকিসব হজযাত্রী আমরা সংগ্রহ করি। সুতরাং হজ ব্যবস্থাপনার দায়িত্ব আমাদেরই (হাব) হাতে থাকতে হবে।'মদিনা এয়ার ট্রাভেলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাওলানা ফজলুর রহমান বলেন, 'এখানে যেসব দাবি তোলা হয়েছে সব যৌক্তিক। আমরা গতবার আন্দোলন করে অতিরিক্ত ৫ হাজার হজযাত্রীকে সৌদিতে হজে পাঠাতে সক্ষম হয়েছিলাম। সুতরাং এবারও আমরা ঐক্যবদ্ধ থাকলে এসব দাবি পূরণ সম্ভব হবে। আমরা আশা করবো আমাদের সরকার সৌদি সরকারের সাথে আলোচনা করে নিবন্ধিত সব হজযাত্রীকে হজে পাঠানোর ব্যবস্থা করবে।'এ সময় হাবের প্রতিষ্ঠাতা সভাপতি ড. ফারুক আহমেদ, মাওলানা আকারিয়া, কামরুল ইসলাম আনসারি, আব্দুর রশিদ সম্রাট প্রমুখ বক্তব্য রাখেন।উল্লেখ্য, সৌদি সরকারের কোটা অনুযায়ী এবার মোট এক লাখ এক হাজার ৭৫৮ জন পবিত্র হজ পালনের জন্য সৌদিতে যাচ্ছেন। তবে নিবন্ধিত হয়েছেন এক লাখ ৪৬ হাজারের মতো। অর্থাৎ প্রায় ৪৫ হাজার যাত্রী অতিরিক্ত থাকছেন।–

????? ??? ???? ?? ???? ??????? ????

???? ??? ?? ??:??:??

??? ??????? ????????? : ???? ??????? ??? ???? ?? ???? ?????? ??? ?????? ??? ????? ???? ???? ?????-??????? ??????, ????? ?????? ??? ?????? ???????? ???? ??????? ????? ?????? ????????? ?? ???????? ????????????? ?? ???????? (???)-?? ???????????????? ???? ?????? ?????? ??? ???????? ???? ?? ???????? ??? ? ????? ??????? ? ???? ?????? ???????? ????? ? ????? ?????? ???????? ????. ??. ?? ??????????? ??????? (????) ??. ????? ???? ?????? ??????? ???????? ???? ??????? ??? ???? ?? ???? ?????? ??? ?????-???????? ??? ?????????? ?????? ?? ????? ???? ???? ??????? ???????? ???? ????????????? ??? ???????????? ????????? ????? ?????????? ??? ???? ???????? ???????????? ???? ???? ?? ???????? ??????? ??????? ???? ?????? ????? ???? ?????? ????, ??? ?????? ??????? ????? ????????? ???????????? ??? ???????????? ????? ????? ???-??? ????????? ?????? ????? ?????? ???? ???? ???????? ??????? ????? ????????? ????? ???-??? ????????? ?????????? ???? ?????? ?? ????? ??????? ????? ???? ????'????? ????? ?????? ??-?????? ?????? ???? ??? ????? ????-???? ?????????? ???? ?????? ???? ??? ?????? ??? ????, ???????? ???? ??????? ????? ???? ??? ???? ?????? ?? ?? ??? ?? ???????? ???? ??? ??????? ????? ???? ???? ?????? ??, ??? ??? ???? ???'???????? ???? ??? ???????? ???????? ?????? ????? ?????? ??? ????? ????? ? ?????? ??-?????? ????, ????? ???? ???? ? ??? ????????? ?????? ???? ???? ??? ??????? ??? ???? ???? ? ???????????? ??? ???????? ?? ????? ???? ?????? ???? ?????? ?????????? ????? ????? ??? ???????? ?????? ???? ?????? ???? ???? ??????? ???????? ???? ???? ????-??? ?????? ???????? ? ??? ???? ?? ???? ???????? ???????????? ???? ???? ???? ???? ????? ??????? ?????????? ??????'????? ????? ??? ????? ?????? ???? ????, ?????? ???? ???? ?? ???? ??????? ??????? ???? ????? ????? ????? ????????????? ???? ??????'???? ????, ????? ??? ?????? ???? ???? ??? ??????? ????? ?????? ??? ???? ???? ???? ?????? ????? ?? ???? ???'?????? ????? ??????? ?????? ???? ????? ????, ?????? ????? ? ????? ???????? ?????? ???? ?????? ???????? ???? ?????? ???? ?????? ?????????? ??? ???????? (???) ???? ????? ????'????? ???? ???????? ????????? ???????????? ??????? ??????? ????? ????? ????, ?????? ???? ???? ???? ????? ?? ???????? ???? ????? ??????? ??? ???????? ? ????? ?????????? ?????? ??? ?????? ?????

This page was exported from - HajjSangbad.Com
Export date: Tue Oct 23 13:27:15 2018 / +0000 GMT

????????? ?????? ????? ???? ???????? ????? ??? ???? ???? ????? ???? ???? ??? ???? ?????? ????? ???? ??????? ???? ?????? ??? ???????? ?? ?????????? ??? ??????? ???????? ?????'? ??? ????? ??????????? ?????? ?. ????? ?????, ??????? ????????, ?????? ????? ??????, ?????? ???? ?????? ?????? ??????? ????????????????, ???? ??????? ???? ??????? ???? ??? ?? ??? ?? ????? ??? ?? ?????? ?? ?????? ???? ?????? ???????? ??? ???????? ?????? ?? ??? ?? ??????? ???? ?????? ????? ?? ????? ?????? ???????? ????????